



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
প্রিন্সিপ্যালের কার্যালয়  
বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী

স্মারক নং-বিপিএ/প্রশাসন/৪১৮৫

তারিখ: ০৯/০৭/২০১৫খ্রি.।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৬.১৫-৩৮৪, তারিখ: ১৫-০৬-২০১৫ খ্রিঃ এবং পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-প্রশাসন/৭৮-২০১২/১৯৯৮(২), তারিখ: ২১-০৬-২০১৫ খ্রিঃ মোতাবেক প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী এর কার্যালয়ে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ স্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ	পদের নাম	পদের সংখ্যা	বর্তমান বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল ২০০৯ মোতাবেক)	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা
১.	পথ্য সহকারী (ডায়েট এ্যাসিস্টেন্ট)	০১ (এক)টি	৪২০০-৮১৪০/-	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
২.	নার্সিং অর্ডারলি	০১(এক)টি	৪১০০-৭৭৪০/-	অষ্টম শ্রেণী পাশ এবং সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

### শর্তাবলী

- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম অত্র কার্যালয়ের প্রশাসন শাখায় অথবা বাংলাদেশ পুলিশ একাডেমীর ওয়েব সাইট [www.bpa.gov.bd](http://www.bpa.gov.bd)-এ পাওয়া যাবে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে।
- বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
- দরখাস্ত প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহীকে সম্বোধন করে লিখতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
- (ক) ওয়ার্ড কমিশনার/কার্ডিনাল, পৌরসভার মেয়র, ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র।  
(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল সনদপত্র/সাময়িক সনদপত্র ও প্রশংসা পত্রের সত্যায়িত ছায়াছবি।  
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।  
(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি চারিত্রিক সনদ।  
(ঙ) বর্ণিত পদের প্রার্থীকে ৫০/- টাকা ১/২২১১/০০০০/২০৩১ নং এবং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে ১/২২১১/০০০০/২০৩১ নং কোডে) চালানের মূল কপি দরখাস্তের সহিত সংযুক্ত করতে হবে।  
(চ) নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে স্বহস্তে লিখিত নিজের নাম ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকেট লাগানো ফেরত খাম (১০.৫' X ৪.৫') আবেদন পত্রের সহিত সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ১৫/০৯/২০১৫ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এন্ডিডেভিট গ্রহণযোগ্য নয়।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত কপি অথবা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। এরূপ সনদ ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।
- আগামী ১৫/০৯/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন পত্র ডাকযোগে অত্র অফিসে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র অত্র অফিসে গ্রহণ করা হবে না।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীল থাকতে হবে।
- চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
- খামের উপরে মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম, ঠিকানা স্পষ্ট উল্লেখ করতে হবে।
- নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
- আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

আনসার উদ্দিন খান পাঠান  
বিপি ৬৩৮৯০১০০৩৩  
পুলিশ সুপার (প্রশাসন)  
পক্ষে-প্রিন্সিপ্যাল  
বাংলাদেশ পুলিশ একাডেমী  
সারদা, রাজশাহী।

স-১১৭/১৫(১০'X৪)